USAID | BANGLADESH
FROM THE AMERICAN PEOPLE

সংবাদ বিজ্ঞপ্তি

পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে খাদ্য নিরাপত্তা ও পুষ্টিমান উন্নয়নের জন্য ইউএসএআইডি - পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের নতুন প্রকল্পের উদ্বোধন

বান্দরবান, ৩রা নভেম্বর ২০১৬ – আজ পার্বত্য চট্টগ্রামে, যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী সংস্থা (ইউএসএআইডি) এবং বাংলাদেশ সরকারের পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের অংশীদারিত্বে পাঁচ বছর মেয়াদী "সাস্টেইনেবল এগ্রিকালচার এন্ড প্রোডাকশন লিংকড টু ইম্প্রুভড নিউট্রিশন স্ট্যাটাস, রেসিলিয়েন্স এন্ড জেন্ডার ইকুইটি প্রজেক্ট" (স্যাপলিং) এর উদ্বোধন করা হয়। ইউএসএআইডি'র স্যাপলিং প্রকল্পটি বাস্তবায়ন করবে হেলেন কেলার ইন্টারন্যাশনাল এবং এই প্রকল্পের লক্ষ্য থাকবে বান্দরবান জেলাতে খাদ্য নিরাপত্তা ও পুষ্টিমান উন্নয়ন, নারীর ক্ষমতায়ন এবং এই জেলার দরিদ্রতম অঞ্চলগুলোতে সহনশীলতা বৃদ্ধিকরণ।

পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত অঞ্চলে বসবাসরত মানুষের স্বাস্থ্য সেবা, শিক্ষা ও অন্যান্য সেবা পেতে প্রায়ই নানা প্রতিকূলতার সম্মুখীন হতে হয়। অন্যান্য বিষয় যেমন, পরিবেশগত অবক্ষয় ও পানির স্বল্পতা এই এলাকার উপর বাড়তি চাপের সৃষ্টি করে। ইউএসএআইডি-র স্যাপলিং প্রকল্পটি সরকার, আন্তর্জাতিক ও স্থানীয় এনজিও-কে একত্রিত করে ব্যক্তি, গোষ্ঠী ও প্রতিষ্ঠানের সাথে অংশীদারিত্বের মাধ্যমে দরিদ্র পরিবারগুলোর অবস্থার উন্নয়নে, তাদের জীবিকার মানোন্নয়ন করবে ও তাদেরকে দারিদ্র থেকে তুলে আনতে সাহায্য করবে।

এই বিশেষ উদ্বোধনী অনুষ্ঠানে ইউএসএআইডি'র মিশন ডিরেক্টর ইয়ানিনা জারুজেলেস্কি পার্বত্য চট্টগ্রামের জনগণের প্রতিবন্ধকতার কথা স্বীকার করে বলেন, "এই প্রতিবন্ধকতাগুলো খুবই উল্লেখযোগ্য এবং সবসময় এইগুলোকে কাটিয়ে ওঠা সহজ কাজ নয় তবে আমরা যদি একসাথে কাজ করি তাহলে এই প্রতিবন্ধকতাগুলো জয় করা সম্ভব।"

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-883-7150-4 FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov WEBSITE: http://dhaka.usembassy.gov

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী বীর বাহাদুর উশৈসিং, সচিব নব বিক্রম কিশোর ত্রিপুরা এবং আরো অন্যান্যরা সরকার ও ইউএসআইডি-র মধ্যকার এই নতুন অংশীদারিত্বকে সাধুবাদ জানায় এবং পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের মানুষদের স্বাস্থ্য, পুষ্টি ও জীবিকার মানোন্নয়নের ক্ষেত্রে একত্রে কাজ করার অঙ্গীকার করেন।

১৯৭১ সাল থেকে যুক্তরাষ্ট্র সরকার ইউএসএআইডি'র মাধ্যমে বাংলাদেশকে ছয়'শ কোটি ডলারেরও বেশী উন্নয়ন সহায়তা প্রদান করেছে। ২০১৫ সালে ইউএসএআইডি বাংলাদেশের জনগণের জীবনমানের উন্নয়নে প্রায় বিশ কোটি ডলার প্রদান করেছে। ইউএসএআইডি বাংলাদেশে যে সকল কর্মসূচিতে সহায়তা প্রদান করে সেগুলোর মধ্যে রয়েছে – গণতান্ত্রিক প্রতিষ্ঠান ও অনুশীলনের প্রসার, খাদ্য নিরাপত্তা ও অর্থনৈতিক সুবিধাদির সম্প্রসারণ, স্বাস্থ্য ও শিক্ষা সেবার উন্নয়ন ও অভিযোজন এবং স্বল্প কার্বন উন্নয়নের মাধ্যমে জলবায়ু পরিবর্তন পরিস্থিতির সংগে খাপ খাওয়ানো।

==========